দৈনিক সংবাদ

তারিখ .. 27 OCT 1992 ..
পৃষ্ঠা ... 1 ... কলাম ... ৫ ...

108

# সোহরাওয়ার্দী কলেজে ছাত্র সংঘর্ষ ।। বুলেটবিদ্ধ ১

(নিজস্ব বার্তা পরিবেশক)

গতকাল সোমবার দুপুর ২টার দিকে পুরনো ঢাকাস্থ সরকারী সোহরাওয়ার্দী কলেজে একই ছাত্র সংগঠনের দু'গ্রুপের সমর্থকদের মধ্যে গোলাগুলি ও বোমাবাজি হয়েছে। এতে ছাত্রদল নেতা কলেজ ছাত্র সংসদের সহ-সাধারণ সম্পাদক নূরুজ্জামান বাবু (২৫) বুলেটবিদ্ধ হয়েছে। বাবুর সমর্থকরা অভিযোগ করছে যে, ছাত্রদল নেতা ও কলেজ ছাত্র সংসদের সাধারণ সম্পাদক মাজহারুল ইসলামের সমর্থকদের গুলিতে বাবু আহত হয়েছে। তারা অপুসহ ৭ জনের বিরুদ্ধে এ ব্যাপারে



বুলেটবিদ্ধ নূরুজ্জামান বাবু। —সংবাদ

জড়িত থাকার অভিযোগ এনেছে। রাত ৯টায় সূত্রাপুর থানার সাথে যোগাযোগ করা হলে বলা হয়েছে যে, এখনো থানায় কোন মামলা দায়ের করা হয়নি। থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা ঘটনাস্থলে আছেন। তিনি ফিরে এসে সিদ্ধান্ত নেবেন।

ওই ঘটনার পর থেকে সরকারী

ছাত্র সংঘর্ষ : পৃঃ ১০ কঃ ৭

## ছাত্র সংঘর্ষ : ১ জন বুলেটবিদ্ধ

(১ম পৃষ্ঠার পর)

সোহরাওয়ার্দী কলেজ ও আশপাশের এলাকায় চরম উত্তেজনা বিরাজ করছে। সম্ভাব্য মারাত্মক অপ্রীতিকর ঘটনা মোকাবেলা করার জন্য পুলিশ দল মোতায়েন করা হয়েছে।

প্রত্যক্ষদর্শী কতিপয় ছাত্র জানিয়েছে যে, দুপুর প্রায় ২টার দিকে কলেজ গেটে ছাত্রদল নেতা নূরুজ্জামান বাবু প্রতিপক্ষ গ্রুপের হাতে প্রহৃত হয়। এই ঘটনার পর পরই উভয় গ্রুপের মধ্যে সংঘর্ষ বাধে। এসময় আগ্নেয়াস্ত্র ও বোমা নিয়ে এক পক্ষ অপর পক্ষের ওপর হামলা চালায়। আধ ঘন্টাব্যাপী ধাওয়া-পাল্টা ধাওয়া চলাকালীন সময়ে ৪/৫ রাউন্ড গুলিবর্ষণ এবং কমপক্ষে ১৫টি হাতবোমা বিস্ফোরিত হয়েছে। এক পর্যায়ে নূরুজ্জামান বাবুর পায়ে বুলেটবিদ্ধ হয়। গুলিবর্ষণ ও বোমাবাজির সময় সাধারণ ছাত্রছাত্রীরা প্রাণভয়ে এদিক-সেদিক পালিয়ে আত্মরক্ষা করে। পরে পুলিশ এসে পরিস্থিতি নিয়ন্ত্রণে আনে।

বুলেটবিদ্ধ অবস্থায় নূরুজ্জামান বাবুকে প্রথমে ঢাকা মেডিক্যাল কলেজ হাসপাতালে ভর্তি করা হয়। কর্তব্যরত ডাক্তার তাকে প্রাথমিক চিকিৎসার পর পঙ্গু হাসপাতালে যাওয়ার পরামর্শ দেন। জানা গেছে, বাবু পঙ্গু হাসপাতালে না গিয়ে লক্ষীবাজারস্থ বাসায় ফিরে পারিবারিক ডাক্তারের চিকিৎসাধীন আছে।